টেক্সট ডিলিট করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৩

tutorial.hamimit.com/টেক্সট-ডিলিট-করা

টেক্সট ডিলিট করা (মুছে ফেলা বা বাদ দেয়া) বা **টেক্সট পুন:টাইপ** করা এম এস ওয়ার্ড এর সকল ভার্সনে তথা সকল প্রোগ্রামেই ডকুমেন্ট এডিট করার জন্য একটি কমন কাজ।

কোন টেক্সট টাইপ করার পর তা বাদ দেয়ার প্রয়োজন হয়ে পড়ে। অনেক সময় অমনোযোগের কারণে ভুল হয়ে থাকে। আর এ কারণেই **টেক্সট মুছার** প্রয়োজন হয়।

এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে একাধিক উপায়ে আংশিক কিংবা পুরো ডকুমেন্ট ডিলিট করা যায়।

আজকের টিউনে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **টেক্সট ডিলিট করা [Delete Text]** নিয়ে বিস্তারিত আলোচনা করবো, ইনশাআল্লাহ্।

এম এস ওয়ার্ড ২০১৬ প্রোগ্রামে **টেক্সট বা অবজেক্ট ডিলিট করার** বিভিন্ন পদ্ধতি নিম্নে বিস্তারিত বর্ণিত হলো।

Delete এবং Backspace ব্যবহার করে টেক্সট বা অবজেক্ট Delete করা:

কীসমূহ	কাজের বর্ণনা
Delete	কার্সরের ডানের একটি অক্ষর মুছার জন্য।
Ctrl+Delete	কার্সরের ডানের একটি শব্দ মুছার জন্য।
Backspace	কার্সরের বায়ের একটি অক্ষর মুছার জন্য।
Ctrl+Backspace	কার্সরের বায়ের একটি শব্দ মুছার জন্য।

কিভাবে সিলেকশন করে টেক্সট ডিলিট করবেন?

পূর্বের টিউটোরিয়ালে **কিভাবে টেক্সট বা অবজেক্ট সিলেক্ট করতে হয়** তা আমরা বিস্তারিত জেনেছি।

আপনি ইচ্ছে করলে ডকুমেন্টের নির্দিষ্ট টেক্সট সিলেক্ট করেও ওপরের টেবিলে বর্ণিত কীবোর্ডের কীসমূহ দ্বারা সহজে ডিলিট করতে পারেন।

দুটি পয়েন্টের মধ্যবর্তী টেক্সট ডিলিট করা:

- পূর্বের বর্ণিত নিয়মে প্রয়োজনীয় টেক্সটসমূহ সিলেক্ট করুন।
- এবারে কীবোর্ডের **Delete** বা **Backspace** কী চাপুন।
- লক্ষ্য করুন, প্রয়োজনীয় সিলেক্টকৃত টেক্সটসমূহ ডিলিট হয়ে গেছে।

একটি শব্দ ডিলিট করা:

- পূর্বের টিউনে দেখানো নিয়মে যে ওয়ার্ড বা শব্দটি মুছতে চান তা সিলেক্ট করুন।
- অতপর কীবোর্ডের **Delete** বা **Backspace** কী চাপুন।
- লক্ষ্য করুন, প্রয়োজনীয় সিলেক্টকৃত ওয়ার্ড বা শব্দটি ডিলিট হয়ে গেছে।

একটি বাক্য ডিলিট করা:

- মাউস অথবা কীবোর্ড দ্বারা যে বাক্যটি মুছতে চান তা সিলেক্ট করুন।
- অতপর কীবোর্ডের **Delete** বা **Backspace** কী চাপুন।
- লক্ষ্য করুন, প্রয়োজনীয় সিলেক্টকৃত বাক্যটি ডিলিট হয়ে গেছে।

কোন লাইন ডিলিট করা:

- মাউস অথবা কীবোর্ড দ্বারা যে লাইনটি মুছতে চান তা সিলেক্ট করুন।
- অতপর কীবোর্ডের **Delete** বা **Backspace** কী চাপুন।
- লক্ষ্য করুন, প্রয়োজনীয় সিলেক্টকৃত লাইনটি ডিলিট হয়ে গেছে।

প্যারাগ্রাফ ডিলিট করা:

- মাউস অথবা কীবোর্ড দ্বারা যে প্যারাগ্রাফটি মুছতে চান তা সিলেক্ট করুন।
- অতপর কীবোর্ডের **Delete** বা **Backspace** কী চাপুন।
- লক্ষ্য করুন, প্রয়োজনীয় সিলেক্টকৃত প্যারাগ্রাফটি ডিলিট হয়ে গেছে।

সম্পূর্ণ ডকুমেন্টের টেক্সট ডিলিট করা:

- কার্সর ডকুমেন্টের যে কোন জায়গায় রেখে কীবোর্ডের **Ctrl+A** চাপুন।
- অতপর কীবোর্ডের **Delete** বা **Backspace** কী চাপুন।
- লক্ষ্য করুন, ডকুমেন্টের সকল টেক্সট ডিলিট হয়ে গেছে।

টেক্সট সিলেক্ট করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১২

টেক্সট মুভ করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৪

> আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে টেক্সট মুভ (সরানো) করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।